# বার্ষিক উন্নয়ন কর্মসূচি
# ২০২১-২০২২


কার্যক্রম বিভাগ
পরিকল্পনা কমিশন
পরিকল্পনা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# বার্ষিক উন্নয়ন কর্মসূচি

## ২০২১-২০২২

কার্যক্রম বিভাগ

পরিকল্পনা কমিশন

পরিকল্পনা মন্ত্রণালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

এডিপি/আরএডিপি ম্যানেজমেন্ট সিস্টেম

adp.plancomm.gov.bd

# মুখবন্ধ

বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) সরকারের একটি গুরুত্বপূর্ণ স্বল্পমেয়াদি উন্নয়ন পরিকল্পনা, যার মাধ্যমে জাতীয় বাজেটের সরকারের বিনিয়োগ সিংহভাগ বাস্তবায়ন করা হয়ে থাকে। প্রেক্ষিত পরিকল্পনা (২০২১-২০৪১), অষ্টম পঞ্চবার্ষিক পরিকল্পনা (২০২১-২০২৫), জাতিসংঘ ঘোষিত টেকসই উন্নয়ন লক্ষ্যসমূহ (এসডিজি),"বাংলাদেশ ডেল্টা প্ল্যান-২১০০" ও সেক্টরাল নীতিমালার আলোকে অগ্রাধিকার খাতসমূহে পর্যাপ্ত সম্পদ বরাদ্দ প্রদানের মাধ্যমে উচ্চতর প্রবৃদ্ধি অর্জনের লক্ষ্যে জনগণের জীবনমান উন্নয়নসহ ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণ এবং ২০৪১ সালের মধ্যে বাংলাদেশকে উন্নত দেশে পরিণত করার লক্ষ্যকে সামনে রেখে ২০২১-২২ অর্থ বছরের এডিপি প্রণয়ন করা হয়েছে।

২। এডিপি প্রণয়নকালে অভ্যন্তরীণ ও বৈদেশিক সম্পদের লভ্যতা, বরাদ্দ ব্যবহারের সক্ষমতা, জাতীয় অর্থনৈতিক গুরুত্ব, সেক্টরাল অগ্রাধিকার এবং সর্বোপরি করোনা ভাইরাস পরিস্থিতির কারণে সৃষ্ট দুর্যোগ মোকাবেলাসহ দেশের সামগ্রিক অর্থনৈতিক অবস্থা, প্রভৃতি গুরুত্বপূর্ণ বিষয় বিবেচনা করা হয়েছে। এডিপি প্রণয়ন একটি চলমান প্রক্রিয়া এবং অন্যান্য অর্থ বছরের মত ২০২১-২২ অর্থ বছরের এডিপি প্রণয়নকালেও অর্থ বিভাগ, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, আইএমইডি, পরিকল্পনা কমিশনের সেক্টর বিভাগসমূহ, প্রকল্প বাস্তবায়নকারী বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং তাদের আওতাধীন বিভিন্ন বাস্তবায়নকারী সংস্থার সাথে বিস্তারিত আলোচনা করা হয়েছে এবং এডিপি সংক্রান্ত সকল তথ্যাদি নতুন প্রবর্তিত ডাটা বেইজ ADP/RADP Management System (AMS) এর মাধ্যমে তথ্য সংগ্রহ করা হয়েছে।

৩। পরিকল্পনা কমিশন সরকারি বিনিয়োগ ব্যবস্থাপনা (পিআইএম) সংস্কারের অংশ হিসেবে প্রথম বারের মত পরিকল্পনা ও বাজেটিং পদ্ধতি সংস্কার আনয়নপুর্বক প্রচলিত ১৭টি সেক্টরকে ১৫টি সেক্টরে পুনর্বিন্যাসের মাধ্যমে ২০২১-২২ অর্থ বছরের এডিপি প্রণয়ন করেছে। স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী এবং জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকীতে এটি একটি মাইলফলক সংস্কার কার্যক্রম। স্বাধীনতার পর থেকে ৫০ বছরের দীর্ঘ পরিক্রমায় এডিপি দেশের সামগ্রিক উন্নয়নে ব্যাপক ভূমিকা রেখে চলেছে। স্বাধীনতার সুবর্ণ জয়ন্তীতে ৫০তম ২০২১-২২ অর্থ বছর এডিপি'র আকার নির্ধারণ করা হয়েছে ২,২৫,৩২৪.১৪ কোটি টাকা (স্থানীয় মুদ্রা ১,৩৭,২৯৯.৯১ কোটি টাকা ও প্রকল্প সাহায্য ৮৮,০২৪.২৩ কোটি টাকা)। উক্ত আকারের মধ্যে ১৫টি সেক্টরের আওতাভুক্ত মোট ৫৮টি মন্ত্রণালয়/বিভাগের প্রকল্পসমূহের অনুকূলে মোট বরাদ্দের পরিমাণ ২,২১,৪৭০.৩৫ কোটি টাকা (৯৮.২৯%) (স্থানীয় মুদ্রা ১,৩৩,৮৫৯.৯১ কোটি টাকা এবং প্রকল্প সাহায্য ৮৭,৬১০.৪৪ কোটি টাকা) এবং ১০টি উন্নয়ন সহায়তা খাতে মোট বরাদ্দের পরিমাণ ৩,৮৫৩.৭৯ কোটি টাকা (১.৭১%)। এছাড়া, স্বায়ত্বশাসিত সংস্থা/কর্পোরেশনের নিজস্ব অর্থায়নসহ ২০২১-২২ অর্থ বছরের এডিপি'র সর্বমোট আকার দাঁড়িয়েছে ২,৩৬,৭৯৩.০৯ কোটি টাকা, যার মধ্যে স্থানীয় মুদ্রা ১,৪৪,০১৭.৩৯ কোটি টাকা এবং প্রকল্প সাহায্য ৯২,৭৭৫.৭০ কোটি টাকা।

৪। ২০২১-২২ অর্থ বছরের এডিপিতে বর্তমান সরকার কর্তৃক শহরের সুবিধা গ্রামে পৌঁছে দেয়ার বিষয়টি গুরুত্বের সাথে বিবেচনাসহ দেশের সুষম উন্নয়ন; আয় বৃদ্ধি, দারিদ্র্য নিরসন ও কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি; খাদ্যে স্বয়ম্ভরতা অর্জন; সামাজিক নিরাপত্তা সম্প্রসারণ; মানব সম্পদ উন্নয়ন; শিক্ষা, স্বাস্থ্য ও পুষ্টিমান উন্নয়ন; কৃষি, শিল্প ও সেবা খাতে উন্নয়ন; বিদ্যুৎ ও জ্বালানী খাতের উন্নয়ন; পরিবহণসহ অন্যান্য যোগাযোগ অবকাঠামো উন্নয়ন; নিরাপদ পানি ও পয়ঃনিষ্কাশন ব্যবস্থার উন্নয়ন; লিঙ্গ সমতা ও নারীর ক্ষমতায়ন; এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তির প্রসারকে অগ্রাধিকার প্রদান করা হয়েছে। এছাড়া জলবায়ু ও দুর্যোগ ঝুকি ব্যবস্থাপনা, টেকসই পরিবেশ, জেন্ডার সংবেদনশীল ও ঝুঁকি সচেতনতা বৃদ্ধি ইত্যাদি গুরুত্বপূর্ণ ক্ষেত্রে প্রকল্প/কর্মসূচি গ্রহণে গুরুত্ব দেওয়া হয়েছে।

৫। বাংলাদেশের উন্নয়ন বাজেট বরাদ্দ ক্রমান্বয়ে বৃদ্ধি পাচ্ছে। বিগত অর্থ বছরগুলোতে বাস্তবায়নকারী সংস্থা/মন্ত্রণালয়ের এডিপি বাস্তবায়নের সক্ষমতা বৃদ্ধি পাওয়ায় সরকারের সার্বিক উন্নয়ন কর্মকান্ড উত্তরোত্তর বৃদ্ধি পেয়েছে। তবে বৈশ্বিক ও অভ্যন্তরীন চ্যালেঞ্জ মোকাবেলার জন্য এ সক্ষমতা আরো বৃদ্ধি করতে হবে। এই বৃহদাকার উন্নয়ন ব্যয় বরাদ্দের সুষ্ঠু ও মানসম্পন্ন ব্যবহারের লক্ষ্যে জাতীয় পরিকল্পনা, মনিটরিং ও বাস্তবায়ন ব্যবস্থা অধিকতর জোড়দার করতে হবে। সকল প্রতিষ্ঠানসমূহের নিবিড় পরিবীক্ষণ অর্থ বছরের শুরু থেকেই উদ্যোগ গ্রহণসহ সঠিক কর্মপরিকল্পনা প্রণয়ন করতে হবে। এ সকল প্রচেষ্টার ফলে ২০২১-২২ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে অন্তর্ভুক্ত সকল সেক্টর, স্বায়ত্বশাসিত সংস্থা/কর্পোরেশনের নিজস্ব অর্থায়ন এবং পিপিপি প্রকল্পসমূহ সঠিক বাস্তবায়নের মাধ্যমে জাতীয় অর্থনীতিতে মোট বিনিয়োগ (সরকারি ও বেসরকারি) বৃদ্ধি পাবে। সে সাথে উন্নয়নের ধারাবাহিকতায় অর্থনৈতিক প্রবৃদ্ধি ত্বরান্বিতকরণের মাধ্যমে ২০৪১ সালের মধ্যে উন্নত দেশে উত্তরণের পথে বাংলাদেশ আরও এগিয়ে যাবে বলে আমরা আশা করি।

এম.এ. মান্নান, এমপি
মন্ত্রী
পরিকল্পনা মন্ত্রণালয়

তারিখঃ ২৩ মে, ২০২১

## উপক্রমণিকা

উচ্চতর প্রবৃদ্ধি অর্জনের মাধ্যমে মাথাপিছু আয় বৃদ্ধি করে দারিদ্র্য হার হ্রাসের মাধ্যমে জনগণের জীবনমান উন্নয়নের লক্ষ্যে প্রেক্ষিত পরিকল্পনা (২০২১-২০৪১) ও অষ্টম পঞ্চবার্ষিক পরিকল্পনা (২০২১-২০২৫) প্রণয়ন করা হয়েছে। এছাড়া, জলবায়ু পরিবর্তনজনিত ঘাত-প্রতিঘাত মোকাবেলা করে কাঙ্ক্ষিত উন্নয়ন অর্জনের জন্য ''বাংলাদেশ ডেল্টা প্ল্যান-২১০০'' প্রণয়ন করা হয়েছে। গৃহীত এসব দীর্ঘমেয়াদি পরিকল্পনা ও মধ্যমেয়াদি কৌশল এবং লক্ষ্যমাত্রাসমূহের আলোকে অর্থনৈতিক খাতভিত্তিক উদ্দেশ্য বাস্তবায়নের প্রধান মাধ্যম বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি)। এ লক্ষ্যে পরিকল্পনা কমিশনের কার্যক্রম বিভাগ হতে ২০২১-২২ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) প্রণয়নের জন্য ১১/০৩/২০২১ তারিখে নির্দেশিকা জারী করা হয়। প্রথমবারের মত অনুমোদিত প্রকল্প প্রস্তাব/ বরাদ্দ প্রস্তাব প্রচলিত পদ্ধতির পাশাপাশি আবশ্যিকভাবে ADP/RADP Management System (AMS) এর মাধ্যমে প্রেরণের নির্দেশনা প্রদান করা হয়। উন্নয়ন বাজেট ব্যবস্থাপনা পদ্ধতিকে যুগোপযোগী ও শক্তিশালীকরণের মাধ্যমে তথ্য প্রযুক্তির অগ্রযাত্রা অব্যাহত রাখার ক্ষেত্রে উক্ত ডিজিটাল ডাটাবেইজ গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে বলে আশা করা যায়।

২। ২০২১-২২ অর্থ বছরের এডিপি'র আকার নির্ধারণ করা হয়েছে মোট ২,২৫,৩২৪.১৪ কোটি টাকা (স্থানীয় মুদ্রা ১,৩৭,২৯৯.৯১ কোটি টাকা ও প্রকল্প সাহায্য ৮৮,০২৪.২৩ কোটি টাকা)। উক্ত আকারের মধ্যে ১৫টি সেক্টরের মোট ৫৮টি মন্ত্রণালয়/বিভাগের প্রকল্পসমূহের অনুকূলে মোট বরাদ্দের পরিমাণ ২,২১,৪৭০.৩৫ কোটি টাকা (স্থানীয় মুদ্রা ১,৩৩,৮৫৯.৯১ কোটি টাকা এবং প্রকল্প সাহায্য ৮৭,৬১০.৪৪ কোটি টাকা) এবং ১০টি উন্নয়ন সহায়তা খাতে মোট বরাদ্দের পরিমাণ ৩,৮৫৩.৭৯ কোটি টাকা (স্থানীয় মুদ্রা ৩,৪৪০.০০ কোটি টাকা ও প্রকল্প সাহায্য ৪১৩.৭৯ কোটি টাকা)। এছাড়া, স্বায়ত্বশাসিত সংস্থা/কর্পোরেশনের নিজস্ব অর্থায়নে বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের অনুকূলে বরাদ্দ মোট ১১,৪৬৮.৯৫ কোটি টাকা (স্থানীয় মুদ্রা ৬,৭১৭.৪৮ কোটি টাকা ও ইসিএ অর্থায়ন/প্রকল্প সাহায্য ৪,৭৫১.৪৭ কোটি টাকা)। স্বায়ত্বশাসিত সংস্থা/কর্পোরেশনের নিজস্ব অর্থায়নসহ ২০২১-২২ অর্থ বছরের এডিপি'র আকার দাঁড়ায় সর্বমোট ২,৩৬,৭৯৩.০৯ কোটি টাকা (স্থানীয় মুদ্রা ১,৪৪,০১৭.৩৯ কোটি টাকা ও প্রকল্প সাহায্য ৯২,৭৭৫.৭০ কোটি টাকা)। এ অর্থ বছরের এডিপির সর্বমোট আকার বিগত ২০২০-২১ অর্থ বছরের সংশোধিত এডিপি থেকে ২৭,৬৮১.১৪ কোটি টাকা, অর্থাৎ ১৪% বৃদ্ধি পেয়েছে।

৩। ২০২১-২২ অর্থ বছরের এডিপিতে বরাদ্দসহ সর্বমোট ১৫৩৪টি (বিনিয়োগ ১৩২৪টি + কারিগরি সহায়তা ১২০টি + স্বায়ত্বশাসিত সংস্থা/কর্পোরেশনের নিজস্ব অর্থায়নে ৯০টি) প্রকল্প অন্তর্ভুক্ত রয়েছে। ২০২১-২২ অর্থ বছরের এডিপিতে অননুমোদিত নতুন ৬০৯টি প্রকল্প বরাদ্দবিহীনভাবে অন্তর্ভুক্ত হয়েছে। একই সাথে বৈদেশিক সাহায্য প্রাপ্তির সুবিধার্থে বরাদ্দবিহীনভাবে অননুমোদিত নতুন ১৪১টি প্রকল্প এডিপিতে অন্তর্ভুক্ত হয়েছে। এছাড়া, ২০২১-২২ অর্থ বছরের এডিপিতে তালিকাভুক্ত সরকারি বেসরকারি অংশীদারিত্ব (পিপিপি) প্রকল্প সংখ্যা ৮৮টি। এ সকল প্রকল্প ২০২১-২২ অর্থ বছরে পর্যায়ক্রমে অনুমোদনের জন্য প্রক্রিয়াকরণ করা হবে। আগামী ২০২১-২২ অর্থ বছরে ৪১৫টি প্রকল্প সমাপ্তির জন্য নির্ধারণ করা হয়েছে।

৪। এনইসির সিদ্ধান্ত অনুযায়ী এই প্রথম বারের মত অর্থ বিভাগের বাজেটের সেক্টর বিন্যাস ও সাধারণ অর্থনীতি বিভাগ কর্তৃক প্রণীত পঞ্চ-বার্ষিক পরিকল্পনার সাথে সামঞ্জস্য রেখে ২০২১-২২ অর্থ বছরের এডিপি প্রচলিত ১৭টি সেক্টরের পরিবর্তে নতুন পুনর্বিন্যাসকৃত ১৫টি সেক্টরের ভিত্তিতে প্রণয়ন করা হয়েছে। এডিপিতে সর্বোচ্চ বরাদ্দপ্রাপ্ত ১০টি সেক্টরের প্রকল্পসমূহের অনুকূলে সর্বমোট ২,১০,৪২১.২৮ কোটি টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে, যা মোট এডিপি'র ৯৩.৩৯%। অন্যদিকে, ২০২১-২২ অর্থ বছরের এডিপি'র ১৫টি সেক্টরের ৫৮টি মন্ত্রণালয়/বিভাগের মধ্যে সর্বোচ্চ বরাদ্দপ্রাপ্ত ১০টি মন্ত্রণালয়/বিভাগের প্রকল্পসমূহের অনুকূলে সর্বমোট ১,৭১,১০৪.৪৫ কোটি টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে, যা মোট এডিপি বরাদ্দের ৭৫.৯৪% অর্থাৎ এসকল মন্ত্রণালয়ের সক্ষমতা শতভাগ এডিপি বাস্তবায়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। সেক্টরভিত্তিক বরাদ্দের ক্ষেত্রে যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন, পদ্মা সেতুসহ পদ্মা রেল সংযোগের গুরুত্ব বিবেচনায় 'পরিবহণ ও যোগাযোগ' সেক্টরে সর্বোচ্চ বরাদ্দ মোট ৬১,৬৩১.৪১ কোটি টাকা (২৭.৩৫%), রূপপুর পারমানবিক বিদ্যুৎ কেন্দ্র নির্মাণসহ 'বিদ্যুৎ ও জ্বালানি' খাতে দ্বিতীয় সর্বোচ্চ মোট ৪৫,৮৬৭.৮৪ কোটি টাকা (২০.৩৬%) এবং 'গৃহায়ন ও কমিউনিটি সুবিধাবলি' সেক্টরে তৃতীয় সর্বোচ্চ মোট ২৩,৭৪৭.২১ কোটি টাকা (১০.৫৪%) বরাদ্দ প্রদান করা হয়েছে।

৫। বৈশ্বিক অর্থনীতি ও বিদ্যমান কোভিড-১৯ সৃষ্ট অতিমারিজনিত চ্যালেঞ্জ মোকাবেলায় ২০২১-২২ অর্থ বছরের প্রস্তাবিত এডিপি'র আওতাভুক্ত প্রকল্প/কার্যক্রমের সফল বাস্তবায়ন দেশের অর্থনৈতিক কর্মকান্ডের প্রসার, অধিক কর্মসংস্থান সৃষ্টি, শিক্ষা-স্বাস্থ্য সেবার মানোন্নয়ন, মানব সম্পদ উন্নয়ন, খাদ্য উৎপাদনে স্বয়ম্ভরতা অর্জন, খাদ্য নিরাপত্তা নিশ্চিতকরণ, দারিদ্র্য বিমোচন, তথা দেশের সামগ্রিক আর্থ-সামাজিক উন্নয়ন ও অর্থনৈতিক প্রবৃদ্ধির কাঙ্ক্ষিত লক্ষ্যমাত্রা অর্জনে সহায়ক ভূমিকা পালন করবে।

মোহাম্মদ জয়নুল বারী
সদস্য (কার্যক্রম), পরিকল্পনা কমিশন
ও
সচিব, পরিকল্পনা বিভাগ

তারিখঃ ২৩ মে, ২০২১

# ২০২১-২০২২ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচির খাতওয়ারী বৈশিষ্ট্যাবলী

## সেক্টর: ০৭-পরিবহন ও যোগাযোগ

### ৭.১ ভূমিকা:

সরকারের প্রেক্ষিত পরিকল্পনা ২০২১-৪১ অনুযায়ী বাংলাদেশ আগামী ২০৪১ সালের মধ্যে একটি উন্নত অর্থনীতির দেশে রূপান্তরিত হওয়ার লক্ষ্য নির্ধারণ করেছে। দীর্ঘমেয়াদী এ লক্ষ্যকে সামনে রেখে পরিবহন ও যোগাযোগ সেক্টর বাংলাদেশের উদীয়মান অর্থনীতিতে প্রয়োজনীয় সমর্থন ও অগ্রণী ভূমিকা পালন করে আসছে। সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয় এবং এর অধীনস্ত সংস্থাসমূহ সুষ্ঠু ও নিরাপদ সড়ক যোগাযোগ ব্যবস্থা উন্নয়নের জন্য সড়ক নির্মাণ, পুনঃনির্মাণ, সেতু, ফ্লাইওভার ও টানেল নির্মাণসহ বিভিন্ন প্রকল্প বাস্তবায়ন করে আসছে। দেশের আর্থ-সামাজিক উন্নয়নে নিরাপদ, সাশ্রয়ী এবং পরিবেশবান্ধব পরিবহণ হিসেবে রেল পরিবহনের ব্যাপক ভূমিকা থাকায় সরকার রেল ব্যবস্থার আধুনীকায়নে বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করেছে। নৌপথের যোগাযোগ, নিয়ন্ত্রণ ও নিরাপত্তা ব্যবস্থা জোরদারকরণ, নাব্যতা বৃদ্ধি, নৌ-বন্দরসমূহের ব্যবস্থাপনা উন্নয়ন, সমন্বিত ড্রেজিং কার্যক্রম, চট্টগ্রাম, পায়রা ও মোংলা বন্দরের উন্নয়ন, স্থল বন্দর উন্নয়ন, সমুদ্র পথে আন্তর্জাতিক বাণিজ্য সম্প্রসারণ এবং অভ্যন্তরীণ ও আন্তর্জাতিক পরিমন্ডলে দক্ষ নাবিক তৈরীর লক্ষ্যে সরকার বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করেছে। দেশের অভ্যন্তরে এবং দেশের বাইরে সুষ্ঠু ও নিরাপদে আকাশপথে যাত্রী পরিবহন এবং আনুষঙ্গিক সুবিধাদি উন্নয়নের লক্ষ্যে বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় বিভিন্ন প্রকল্প বাস্তবায়ন করে আসছে। তাছাড়া, ডাক ও টেলিযোগাযোগ বিভাগের আওতায় বিটিসিএল কর্তৃক সমগ্র দেশব্যাপী সাশ্রয়ী মূল্যে ইন্টারনেট সেবা প্রদান এবং প্রতিরক্ষা মন্ত্রণালয়ের আওতায় বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর সঠিক ও সময়মত পূর্বাভাস প্রদানের মাধ্যমে মূল্যবান জানমাল ও সম্পদের ক্ষতি লাঘবের চেষ্টা চালিয়ে যাচ্ছে।

### ৭.২ ৮ম পঞ্চ বার্ষিক পরিকল্পনা সেক্টরের কৌশলগত উদ্দেশ্য:

৮ম পঞ্চ বার্ষিক পরিকল্পনা এবং টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (এসডিজি)-র সাথে পরিবহন ও যোগাযোগ সেক্টরের আওতায় অনুমোদিত প্রকল্পগুলোর উদ্দেশ্য ও লক্ষ্যমাত্রা সামঞ্জস্যপূর্ণ। নিরবচ্ছিন্ন, নিরাপদ, পরিবেশবান্ধব, সময় ও ব্যয় সাশ্রয়ী স্থানীয় ও আন্তর্জাতিক যোগাযোগ স্থাপনসহ কৃষি ও শিল্প পণ্য পরিবহন, নৌ-বন্দর ও স্থল বন্দরসমূহের মাধ্যমে আন্তর্জাতিক বাণিজ্য সম্প্রসারণ এবং অভ্যন্তরীণ ও আন্তর্জাতিক পরিমন্ডলে দক্ষ নাবিক তৈরীর মাধ্যমে পরিবহন ব্যবস্থার সার্বিক দক্ষতা ও মান বৃদ্ধির মাধ্যমে জিডিপিতে প্রত্যক্ষ অবদান রাখার কৌশল অবলম্বন করা হয়েছে। ৮ম পঞ্চ বার্ষিক পরিকল্পনায় পরিবহন ও যোগাযোগ সেক্টরের জন্য ২০২২-২৩, ২০২৩-২৪, ২০২৪-২৫ অর্থ বছরসমূহের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি)-তে আর্থিক প্রক্ষেপণ যথাক্রমে ৪৭৯৮০.০০, ৫৩৩৯০.০০ ও ৬৩৭০০.০০ কোটি টাকা করা হয়েছে।

### ৭.৩ প্রকল্প সংখ্যা ও বরাদ্দের পরিমাণ:

২০২১-২২ অর্থ বছরের এডিপিতে পরিবহন ও যোগাযোগ সেক্টরের আওতায় সড়ক পরিবহন, রেল পরিবহন, বিমান পরিবহন, নৌ-পরিবহন এবং ডাক ও টেলিযোগাযোগসহ মোট ৫টি সাব-সেক্টর রয়েছে। এই ০৫টি সাব-সেক্টরের অধীনে ২০২১-২২ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি)-তে পরিবহন ও যোগাযোগ সেক্টরের আওতায় মোট ২৯০টি (প্রতিরক্ষা মন্ত্রনালয়ের ৯ টি, কৃষি মন্ত্রনালয়ের ১ টি, পানিসম্পদ মন্ত্রনালয়ের ১ টি, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের ১৮২ টি, রেলপথ মন্ত্রনালয়ের ৩৬ টি, নৌপরিবহন মন্ত্রনালয়ের ৩৫ টি, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রনালয়ের ৯ টি, ডাক ও টেলিযোগাযোগ বিভাগের আওতায় ১০টি এবং সেতু বিভাগের ৭ টি) প্রকল্প চলমান আছে। উক্ত প্রকল্পসমুহের বিপরীতে মোট ৬০৯৪৫.৮৯ কোটি টাকা (জিওবি ৩৬১৪৩.০০ কোটি টাকা ও প্রকল্প সাহায্য ২৪৮০২.৮৯ কোটি টাকা) বরাদ্দ রয়েছে। ‘নতুন প্রকল্প বরাদ্দ (থোক)’-এ ৬৮৫.৫২ কোটি (জিওবি ৪৫০.৪১ কোটি ও প্রকল্প সাহায্য ২৩৫.১১ কোটি) টাকা বরাদ্দ রাখা হয়েছে। ২০২১-২২ অর্থ বছরের এডিপিতে বরাদ্দবিহীন অননুমোদিত প্রকল্প তালিকায় মোট ৯৭টি প্রকল্পের নাম অন্তর্ভুক্ত রয়েছে। এছাড়া, বৈদেশিক সাহায্য প্রাপ্তির সুবিধার্থে প্রকল্প তালিকায় আরও ৫৯টি প্রকল্পের নাম অন্তর্ভুক্ত রয়েছে। উল্লেখ্য, ২০২১-২২ অর্থ বছরে পরিবহন ও যোগাযোগ সেক্টরের আওতায় চলমান প্রকল্পসমূহের মধ্যে ৭৭টি (বিনিয়োগ ৬৮টি ও কারিগরি সহায়তা ০৯টি) প্রকল্প সম্ভাব্য সমাপ্য প্রকল্প তালিকায় রয়েছে।

### ৭.৪ ২০২১-২২ অর্থ বছরের উল্লেখ্যযোগ্য কার্যক্রম:

সুষ্ঠু ও নিরাপদ যোগাযোগ ব্যবস্থা উন্নয়নের দীর্ঘমেয়াদী লক্ষ্যকে সামনে রেখে সড়ক নির্মাণ, পুনঃনির্মাণ, সেতু, ফ্লাইওভার ও টানেল নির্মাণ, নতুন রেলপথ নির্মাণ, রেলসেতু নির্মাণ, রেলওয়ে কারখানা আধুনিকায়ন, নৌ-বন্দরসমূহের ব্যবস্থাপনা উন্নয়ন, সমন্বিত ড্রেজিং কার্যক্রম, সমুদ্র পথে আন্তর্জাতিক বাণিজ্য সম্প্রসারণ, বিদ্যমান বিমানবন্দর সমূহের সম্প্রসারণ ও উন্নয়ন, সাশ্রয়ী মূল্যে ইন্টারনেট সেবা প্রদান, আবহাওয়া পূর্বাভাস প্রদান কার্যক্রম ইতোমধ্যে গ্রহণ করা হয়েছে। দেশের সার্বিক আর্থসামাজিক অবস্থার উন্নয়নের লক্ষ্যে পরিবহন ও যোগাযোগ সেক্টরের আওতায় পদ্মা বহুমুখী সেতু নির্মাণ; কন্সট্রাকশান অব মাল্টি লেন রোড টানেল আন্ডার দি রিভার কর্ণফুলী; গ্রেটার ঢাকা সাসটেইনেবল আরবান ট্রান্সপোর্ট প্রকল্পের আওতায় গাজীপুর-এয়ারপোর্ট সড়কে বাস র‌্যাপিড ট্রানজিট লাইন নির্মাণ; ঢাকা ম্যাস র‌্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (লাইন-৬) প্রকল্পের আওতায় ঢাকা মহানগরের উত্তরা হতে মতিঝিল পর্যন্ত মেট্রোরেল লাইন নির্মাণ; ঢাকা ম্যাস র‌্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (লাইন-১) প্রকল্পের আওতায় বিমানবন্দর থেকে কমলাপুর স্টেশন ও নতুন বাজার থেকে পূর্বাচল ডিপো পর্যন্ত ৩১.২৪১ কি:মি: এবং ঢাকা ম্যাস র‌্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (লাইন-৫): নর্দার্ন রুট প্রকল্পের আওতায় হেমায়েতপুর-আমিনবাজার-গাবতলি-মিরপুর ১-মিরপুর ১০-কচুক্ষেত-বনানী-গুলশান ২-নতুনবাজার-ভাটারা পর্যন্ত ২০.০০ কি:মি: পর্যন্ত দু'টি নতুন মেট্রোরেল লাইন নির্মাণ; রেলওয়ের আধুনিকায়নের জন্য আখাউড়া- লাকসাম ডুয়েল গেজ ডাবল লাইন (৭২ কি:মি), দোহাজারী-কক্সবাজার-ঘুনদুম (১২৯ কি:মি:); ভারতের সাথে রেল সংযোগ স্থাপনের লক্ষ্যে চেলাহাটি-চিলাহাটি বর্ডার রেলপথ নির্মাণ; বাংলাদেশ রেলওয়ের পার্বতীপুর হতে কাউনিয়া পর্যন্ত মিটারগেজ রেল লাইনকে ডুয়েল গেজে (৬৬.৮৫ কি:মি:) রুপান্তর; পায়রা বন্দরের কার্যক্রম পরিচালনার লক্ষ্যে প্রয়োজনীয় অবকাঠামো/সুবিধাদির উন্নয়ন; মোংলা বন্দরের আপগ্রেডেশন; আধুনিক যন্ত্রপাতি ক্রয়সহ সার্বিক অবকাঠামো উন্নয়ন; মাতারবাড়ী বন্দর উন্নয়ন; বাংলাদেশ আঞ্চলিক অভ্যন্তরীণ নৌ-পরিবহন প্রকল্প- (চট্রগ্রাম-ঢাকা-আশুগঞ্জ ও সংযুক্ত নৌ-পথ খনন এবং টার্মিনালসহ আনুষঙ্গিক স্থাপনাদি নির্মাণ); সিলেট ও কক্সবাজার বিমান বন্দরের উন্নয়ন; হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর সম্প্রসারণ; চট্রগ্রাম শাহ আমানত বিমানবন্দরের রানওয়ে ও টেক্সিওয়ের উন্নয়ন; যশোর বিমানবন্দর, সৈয়দপুর বিমানবন্দর ও শাহ মখদুম বিমানবন্দর, রাজশাহী এর রানওয়ে সারফেসে অ্যাসফল্ট কংক্রিট ওভার-লেকরণ; ডিজিটাল সংযোগের জন্য টেলিকমিউনিকেশন নেটওয়ার্ক আধুনিকীকরণ; কৃষি আবহাওয়া তথ্য পদ্ধতি উন্নতকরণ এবং পানি বিজ্ঞান সম্পর্কিত তথ্য সেবা ও আগাম সতর্কীকরণ ব্যবস্থা শক্তিশালীকরণ প্রভৃতি গুরুত্বপূর্ণ প্রকল্পসমূহ অন্তর্ভূক্ত রয়েছে।

## ২০২১-২০২২ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচির সংক্ষিপ্তসার

সেক্টরঃ ০৭-পরিবহন ও যোগাযোগ (লক্ষ টাকায়)

| ক্রমিক নং | শ্রেণী বিভাগ | প্রকল্প সংখ্যা | ২০২১-২০২২ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে বরাদ্দ | | | | আমদানী শুল্ক ও মূল্য সংযোজন কর বাবদ বরাদ্দ |
|---|---|---|---|---|---|---|---|
| | | | মোট | টাকা | প্রকল্প সাহায্য | টাকাংশ | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ১ | বিনিয়োগ | ২৭৩ | ৬০৪৯৯৩১ | ৩৫৯৮৫৩৬ | ২৪৫১৩৯৫ | ১৩৩১৭২ | ১৪৪৩৪৫ |
| ২ | কারিগরি সহায়তা | ১৭ | ৪৪৬৫৮ | ১৫৭৬৪ | ২৮৮৯৪ | --- | ২২ |
| ৩ | নতুন প্রকল্পের বরাদ্দ (থোক) | --- | ৬৮৫৫২ | ৪৫০৪১ | ২৩৫১১ | --- | --- |
| মোট: পরিবহন ও যোগাযোগ | | ২৯০ | ৬১৬৩১৪১ | ৩৬৫৯৩৪১ | ২৫০৩৮০০ | ১৩৩১৭২ | ১৪৪৩৬৭ |

## ২০২১-২০২২ অর্থ বছরের মন্ত্রণালয়/ বিভাগ ভিত্তিক প্রকল্পে প্রদত্ত বরাদ্দ এবং নতুন প্রকল্পের বরাদ্দ (থোক)

সেক্টরঃ ০৭-পরিবহন ও যোগাযোগ (কোটি টাকায়)

| ক্রমিক নং | মন্ত্রণালয়/ বিভাগ | ২০২১-২০২২ অর্থ বছরের প্রকল্পে প্রদত্ত বরাদ্দ | | | | ২০২১-২০২২ অর্থ বছরের এডিপিতে নতুন প্রকল্পে বরাদ্দ (থোক) | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | প্রকল্প সংখ্যা | মোট | জিওবি | প্রকল্প সাহায্য | মোট | জিওবি | প্রকল্প সাহায্য |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| ১ | প্রতিরক্ষা মন্ত্রণালয় | ৯ | ৬১২.৩৯ | ৪১৭.২০ | ১৯৫.১৯ | ২.২২ | ২.২২ | ০.০০ |
| ২ | কৃষি মন্ত্রণালয় | ১ | ১৫.৯২ | ১.০০ | ১৪.৯২ | --- | --- | --- |
| ৩ | পানি সম্পদ মন্ত্রণালয় | ১ | ১৭৬.৯৫ | ২.৫০ | ১৭৪.৪৫ | --- | --- | --- |
| ৪ | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ | ১৮২ | ২৭৮৯১.৬৭ | ১৯৮৫০.০০ | ৮০৪১.৬৭ | ১৫০.০০ | ১৫০.০০ | ০.০০ |
| ৫ | রেলপথ মন্ত্রণালয় | ৩৬ | ১৩৩৭১.৪৫ | ৩২৭১.৮৯ | ১০০৯৯.৫৬ | ১৮৬.৬৯ | ৬১.৫০ | ১২৫.১৯ |
| ৬ | নৌ-পরিবহন মন্ত্রণালয় | ৩৫ | ৩৯১৫.৫৬ | ২৭৩২.৫৬ | ১১৮৩.০০ | ১৯১.৭৮ | ১৫২.৭৮ | ৩৯.০০ |
| ৭ | বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় | ৯ | ৩৮৩৬.৯১ | ১৭৫৮.৮১ | ২০৭৮.১০ | ৪৭.০৪ | ৪৬.১২ | ০.৯২ |
| ৮ | ডাক ও টেলিযোগাযোগ বিভাগ | ১০ | ১৩২৭.৩০ | ৯১১.৩০ | ৪১৬.০০ | ৯২.৭৯ | ২২.৭৯ | ৭০.০০ |
| ৯ | সেতু বিভাগ | ৭ | ৯৭৯৭.৭৪ | ৭১৯৭.৭৪ | ২৬০০.০০ | ১৫.০০ | ১৫.০০ | ০.০০ |
| | মোট সেক্টরঃ | ২৯০ | ৬০৯৪৫.৮৯ | ৩৬১৪৩.০০ | ২৪৮০২.৮৯ | ৬৮৫.৫২ | ৪৫০.৪১ | ২৩৫.১১ |

# ২০২১-২০২২ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (বিনিয়োগ)

## ২০২১-২০২২ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (বিনিয়োগ)

সেক্টর: ০৭-পরিবহন ও যোগাযোগ, সাব-সেক্টর: ৩৪-সড়ক পরিবহন (লক্ষ টাকায়)

| ক্রমিক নং | কোড - প্রকল্পের নাম<br>(বাস্তবায়নকাল)<br>অনুমোদন পর্যায়<br>প্রকল্প সাহায্যের উৎস | অর্থায়নের উৎস | প্রকল্প ব্যয় | ক্রমপুঞ্জিভূত ব্যয়, জুন ২০২০ | | আরএডিপি বরাদ্দ ২০২০-২১ | এডিপি বরাদ্দ ২০২১-২২ | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | মোট | ব্যয় খাত বিভাজন | |
| | | | | রাজস্ব | মূলধন | | | রাজস্ব | মূলধন |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |

বাস্তবায়নকারী সংস্থা: ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ (ডিটিসিএ)

চলতি প্রকল্প

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২২২০১০৯০০ - ফিজিবিলিটি স্টাডি অন আউটার রিং রোডঃ ইস্টার্ন, ওয়েস্টার্ন অ্যান্ড নর্দান পার্ট<br>(০১/০৭/২০২০ - ৩০/০৬/২০২২)<br>অনুমোদিত | জিওবি | ১৬০৩ | --- | --- | ৩০ | ১৫৭৩ | ১৪৮৮ | ৮৫ |
| | | মোট<br>(বৈঃমুঃ) | ১৬০৩<br>(---) | --- | --- | ৩০<br>(---) | ১৫৭৩<br>(---) | ১৪৮৮ | ৮৫ |
| উপ-মোট: ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ (ডিটিসিএ) | | জিওবি | ১৬০৩ | --- | --- | ৩০ | ১৫৭৩ | ১৪৮৮ | ৮৫ |
| | | মোট<br>(বৈঃমুঃ) | ১৬০৩<br>(---) | --- | --- | ৩০<br>(---) | ১৫৭৩<br>(---) | ১৪৮৮ | ৮৫ |

বাস্তবায়নকারী সংস্থা: বাংলাদেশ সড়ক পরিবহণ কর্পোরেশন (বিআরটিসি)

চলতি প্রকল্প

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ২ | ২২৪২১৫৬০০ - দক্ষ চালক তৈরীর লক্ষ্যে প্রশিক্ষণ প্রদানের জন্য বিআরটিসির ০৩টি প্রশিক্ষণ ইনস্টিটিউট ও ১৭টি প্রশিক্ষণ কেন্দ্র আধুনিকায়ন ও শক্তিশালীকরণ (২য় সংশোধিত)<br>(০১/০২/২০১৮ - ৩০/০৬/২০২২)<br>অনুমোদিত | জিওবি | ৫২০৯ | ২৯৩ | ১৩৫০ | ১৮১১ | ১৭৫৫ | ৩৯ | ১৭১৬ |
| | | মোট<br>(বৈঃমুঃ) | ৫২০৯<br>(---) | ২৯৩ | ১৩৫০ | ১৮১১<br>(---) | ১৭৫৫<br>(---) | ৩৯ | ১৭১৬ |
| উপ-মোট: বাংলাদেশ সড়ক পরিবহণ কর্পোরেশন (বিআরটিসি) | | জিওবি | ৫২০৯ | ২৯৩ | ১৩৫০ | ১৮১১ | ১৭৫৫ | ৩৯ | ১৭১৬ |
| | | মোট<br>(বৈঃমুঃ) | ৫২০৯<br>(---) | ২৯৩ | ১৩৫০ | ১৮১১<br>(---) | ১৭৫৫<br>(---) | ৩৯ | ১৭১৬ |

বাস্তবায়নকারী সংস্থা: ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিঃ

চলতি প্রকল্প

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ৩ | ২২৪১১৪০০০ - ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (লাইন-৬)<br>(০১/০৭/২০১২ - ৩০/০৬/২০২৪)<br>সংশোধিত অননুমোদিত<br>প্রঃসাঃ উৎস: জাইকা | জিওবি | ৬৮৯৫৪৮ | ২৮৬২৫ | ৩৫১৫২৭ | ১৭৬২৮৩ | ১০০০০০ | ৫১৩৩ | ৯৪৮৬৭ |
| | | প্রঃসাঃ<br>(আরপিএ) | ১৬৫৯৪৫৯<br>(---) | ৬০১৯৯<br>(---) | ৬৭৫৫৮০<br>(---) | ৩৭৮০০০<br>(---) | ৩৮০০০০<br>(---) | ৯৮৯৪<br>(---) | ৩৭০১০৬<br>(---) |
| | | মোট<br>(বৈঃমুঃ) | ২৩৪৯০০৭<br>(---) | ৮৮৮২৪ | ১০২৭১০৭ | ৫৫৪২৮৩<br>(---) | ৪৮০০০০<br>(---) | ১৫০২৭ | ৪৬৪৯৭৩ |
| | | সিডি/ভ্যাট | --- | --- | --- | ৫০০০০ | ৩৩৪৪০ | --- | --- |
| ৪ | ২২৪২৯৮০০০ - ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (লাইন-১)<br>(০১/০৯/২০১৯ - ৩১/১২/২০২৬)<br>অনুমোদিত<br>প্রঃসাঃ উৎস: জাইকা | জিওবি | ১৩১১১১১ | --- | ২০০০০ | ৫৯১০০ | ৬৪৭০০ | ৫৪০০ | ৫৯৩০০ |
| | | প্রঃসাঃ<br>(আরপিএ) | ৩৯৪৫০৩২<br>(---) | ---<br>(---) | ---<br>(---) | ৯<br>(---) | ২২৭০০<br>(---) | ১৪০০০<br>(---) | ৮৭০০<br>(---) |
| | | মোট<br>(বৈঃমুঃ) | ৫২৫৬১৪৩<br>(১৯১৭০০) | --- | ২০০০০ | ৫৯১০৯<br>(---) | ৮৭৪০০<br>(---) | ১৯৪০০ | ৬৮০০০ |
| | | সিডি/ভ্যাট | ৩৩৯১৪৮ | --- | --- | --- | ১৩০০ | --- | --- |
| ৫ | ২২৪২৯৮১০০ - ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (লাইন-৫):নর্দান রুট<br>(০১/০৯/২০১৯ - ৩১/১২/২০২৮)<br>অনুমোদিত<br>প্রঃসাঃ উৎস: জাইকা | জিওবি | ১২১২১৫০ | ১৯৩২ | --- | ১১১৪০০ | ২০০০০০ | ১৫০০০ | ১৮৫০০০ |
| | | প্রঃসাঃ<br>(আরপিএ) | ২৯১১৭০৫<br>(---) | ---<br>(---) | ---<br>(---) | ১৫৬০০<br>(---) | ৩০০০০<br>(---) | ৩০০০০<br>(---) | ---<br>(---) |
| | | মোট<br>(বৈঃমুঃ) | ৪১২৩৮৫৫<br>(---) | ১৯৩২ | --- | ১২৭০০০<br>(---) | ২৩০০০০<br>(---) | ৪৫০০০ | ১৮৫০০০ |

**সেক্টর: ০৭-পরিবহন ও যোগাযোগ, সাব-সেক্টর: ৩৪-সড়ক পরিবহন** (লক্ষ টাকায়)

| ক্রমিক নং | কোড - প্রকল্পের নাম<br>(বাস্তবায়নকাল)<br>অনুমোদন পর্যায়<br>প্রকল্প সাহায্যের উৎস | অর্থায়নের উৎস | প্রকল্প ব্যয় | ক্রমপুঞ্জিভূত ব্যয়, জুন ২০২০ | | আরএডিপি বরাদ্দ ২০২০-২১ | এডিপি বরাদ্দ ২০২১-২২ | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | মোট | ব্যয় খাত বিভাজন | |
| | | | | রাজস্ব | মূলধন | | | রাজস্ব | মূলধন |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| উপ-মোট: ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিঃ | | জিওবি | ৩২১২৮০৯ | ৩০৫৫৭ | ৩৭১৫২৭ | ৩৪৬৭৮৩ | ৩৬৪৭০০ | ২৫৫৩৩ | ৩৩৯১৬৭ |
| | | প্রঃসাঃ (আরপিএ) | ৮৫১৬১৯৬ (---) | ৬০১৯৯ (---) | ৬৭৫৫৮০ (---) | ৩৯৩৬০৯ (---) | ৪৩২৭০০ (---) | ৫৩৮৯৪ (---) | ৩৭৮৮০৬ (---) |
| | | মোট (বৈঃমুঃ) | ১১৭২৯০০৫ (১৯১৭০০) | ৯০৭৫৬ | ১০৪৭১০৭ | ৭৪০৩৯২ (---) | ৭৯৭৪০০ (---) | ৭৯৪২৭ | ৭১৭৯৭৩ |
| | | সিডি/ভ্যাট | ৩৩৯১৪৮ | --- | --- | ৫০০০০ | ৩৪৭৪০ | --- | --- |

বাস্তবায়নকারী সংস্থা: সড়ক ও জনপথ অধিদপ্তর

চলতি প্রকল্প

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ৬ | ২২২০০৯৪০০ - স্টাডি ফর আইডেনটিফিকেশন প্রায়োরিটাইজেশন এন্ড প্রি-ফিজিবিলিটি অব পিপিপি প্রজেক্টস আন্ডার রোড্স এন্ড হাইওয়ে ডিপার্টমেন্ট<br>(০১/০১/২০২০ - ৩০/০৬/২০২২)<br>অনুমোদিত | জিওবি | ৪৯৮ | ৩৯ | --- | ১৫৫ | ২৯৩ | ২৮৬ | ৭ |
| | | মোট (বৈঃমুঃ) | ৪৯৮ (---) | ৩৯ | --- | ১৫৫ (---) | ২৯৩ (---) | ২৮৬ | ৭ |
| ৭ * | ২২৪০৮৩২০০ - পাগলা-জগন্নাথপুর-রানীগঞ্জ- আউশকান্দি মহাসড়কের রানীগঞ্জে কুশিয়ারা নদীর উপর সেতু নির্মাণ (২য় সংশোধিত)<br>(০১/০৭/২০১৪ - ৩০/০৬/২০২১)<br>অনুমোদিত | জিওবি | ১৫৫৪১ | --- | --- | ২৫০০ | ১৫০০ | --- | ১৫০০ |
| | | মোট (বৈঃমুঃ) | ১৫৫৪১ (---) | --- | --- | ২৫০০ (---) | ১৫০০ (---) | --- | ১৫০০ |
| ৮ * | ২২৪০৮৩৭০০ - বিমান বন্দর বাইপাস ইন্টারসেকশন-লালবাগ-সালুটিকর- কোম্পানীগঞ্জ-ভোলাগঞ্জ সড়ককে জাতীয় মহাসড়কে উন্নীতকরণ (১ম সংশোধিত)<br>(০১/০৩/২০১৫ - ৩০/০৬/২০২১)<br>অনুমোদিত | জিওবি | ৬২৬৯৩ | --- | ৩৩০০০ | ২০০০ | ৭৫০০ | ২৫ | ৭৪৭৫ |
| | | মোট (বৈঃমুঃ) | ৬২৬৯৩ (---) | --- | ৩৩০০০ | ২০০০ (---) | ৭৫০০ (---) | ২৫ | ৭৪৭৫ |
| ৯ * | ২২৪০৮৫৪০০ - হরিশপুর বাইপাস মোড় হতে বনবেলঘরিয়া বাইপাস মোড় পর্যন্ত নাটোর শহরের প্রধান সড়কের মিডিয়ানসহ পেভমেন্ট প্রশস্তকরণ (১ম সংশোধিত)<br>(০১/০৭/২০১৬ - ৩০/০৬/২০২১)<br>অনুমোদিত | জিওবি | ৬৯৯২ | --- | --- | ১২৪৪ | ১৮০০ | --- | ১৮০০ |
| | | মোট (বৈঃমুঃ) | ৬৯৯২ (---) | --- | --- | ১২৪৪ (---) | ১৮০০ (---) | --- | ১৮০০ |
| ১০ * | ২২৪০৮৬০০০ - গোবিন্দগঞ্জ-ছাতক-দোয়ারাবাজার সড়কের ছাতকে সুরমা নদীর উপর সেতুর অবশিষ্ট কাজ সমাপ্তকরণ (১ম সংশোধিত)<br>(০১/০৭/২০১৬ - ৩০/০৬/২০২১)<br>অনুমোদিত | জিওবি | ১৪২৪৭ | --- | --- | ৩০০০ | ১১০০ | --- | ১১০০ |
| | | মোট (বৈঃমুঃ) | ১৪২৪৭ (---) | --- | --- | ৩০০০ (---) | ১১০০ (---) | --- | ১১০০ |
| ১১ | ২২৪০৮৭০০০ - পাঁচদোনা-ডাঙ্গা-ঘোড়াশাল জেলা মহাসড়ককে একস্তর নীচু দিয়ে উভয় পার্শ্বে পৃথক সার্ভিস লেনসহ ৪-লেনে উন্নীতকরণ (ডাঙ্গা বাজার-ইসলামপুর লিংকসহ) (১ম সংশোধিত)<br>(০১/০৭/২০১৭ - ৩০/০৬/২০২২)<br>অনুমোদিত | জিওবি | ১৪৮৯১৫ | --- | --- | ৪০০০ | ৫০০০০ | --- | ৫০০০০ |
| | | মোট (বৈঃমুঃ) | ১৪৮৯১৫ (---) | --- | --- | ৪০০০ (---) | ৫০০০০ (---) | --- | ৫০০০০ |
| ১২ * | ২২৪০৮৭২০০ - গুরুত্বপূর্ণ আঞ্চলিক মহাসড়ক যথাযথ মান ও প্রশস্ততায় উন্নীতকরন (গোপালগঞ্জ জোন)<br>(০১/০৩/২০১৭ - ৩০/০৬/২০২১)<br>অনুমোদিত | জিওবি | ৪২০২১ | --- | --- | ৬০০০ | ৫০০০ | --- | ৫০০০ |
| | | মোট (বৈঃমুঃ) | ৪২০২১ (---) | --- | --- | ৬০০০ (---) | ৫০০০ (---) | --- | ৫০০০ |

* চিহ্নিত প্রকল্পের বাস্তবায়নকাল বৃদ্ধি ব্যতিত অর্থ ছাড় বা অর্থ ব্যয় করা যাবে না

# ২০২১-২০২২ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে
# কারিগরি সহায়তা কর্মসূচি

## ২০২১-২০২২ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (কারিগরি সহায়তা)

**সেক্টর: ০৭-পরিবহন ও যোগাযোগ, সাব-সেক্টর: ৩৪-সড়ক পরিবহন** (লক্ষ টাকায়)

| ক্রমিক নং | কোড - প্রকল্পের নাম (বাস্তবায়নকাল) অনুমোদন পর্যায় প্রকল্প সাহায্যের উৎস | অর্থায়নের উৎস | প্রকল্প ব্যয় | ক্রমপুঞ্জিভূত ব্যয়, জুন ২০২০ | | আরএডিপি বরাদ্দ ২০২০-২১ | এডিপি বরাদ্দ ২০২১-২২ | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | মোট | ব্যয় খাত বিভাজন | |
| | | | | রাজস্ব | মূলধন | | | রাজস্ব | মূলধন |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |

বাস্তবায়নকারী সংস্থা: ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিঃ

চলতি প্রকল্প

| ক্রমিক নং | কোড - প্রকল্পের নাম | অর্থায়নের উৎস | প্রকল্প ব্যয় | রাজস্ব | মূলধন | আরএডিপি বরাদ্দ ২০২০-২১ | মোট | রাজস্ব | মূলধন |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ৫ | ২২৩০৩২৯০০ - টেকনিক্যাল এ্যাসিসটেন্স ফর ঢাকা ম্যাস র‌্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (লাইন-১) (ই/এস)<br>(০১/০৭/২০১৮ - ৩০/০৬/২০২২)<br>অনুমোদিত<br>প্রঃসাঃ উৎস: জাইকা | জিওবি | ২০১৭৩ | ৭২৩৫ | ৯৬২ | ৫৭২৫ | ৬২৪৯ | ৬২০০ | ৪৯ |
| | | প্রঃসাঃ (আরপিএ) | ৪০৫২৭ (---) | ১৭৯১১ (---) | --- (---) | ৯০০০ (---) | ১৩৬১৫ (---) | ১৩৬১৫ (---) | --- (---) |
| | | মোট (বৈঃমুঃ) | ৬০৭০০ (---) | ২৫১৪৬ | ৯৬২ | ১৪৭২৫ (---) | ১৯৮৬৪ (---) | ১৯৮১৫ | ৪৯ |
| ৬ | ২২৩০৩৮৬০০ - ঢাকা ম্যাস র‌্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (লাইন-৫):সাউদার্ন রুট<br>(০১/০১/২০২০ - ৩০/০৬/২০২৩)<br>অনুমোদিত<br>প্রঃসাঃ উৎস: এডিবি | জিওবি | ১২৭৩৮ | ১৪ | ৫ | ৩০৯৮ | ৩০০০ | ২৯৩২ | ৬৮ |
| | | প্রঃসাঃ (আরপিএ) | ২৮১০৫ (---) | --- (---) | --- (---) | ৫০০০ (---) | ৬০০০ (---) | ৬০০০ (---) | --- (---) |
| | | মোট (বৈঃমুঃ) | ৪০৮৪৩ (---) | ১৪ | ৫ | ৮০৯৮ (---) | ৯০০০ (---) | ৮৯৩২ | ৬৮ |
| **উপ-মোট: ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিঃ** | | জিওবি | ৩২৯১১ | ৭২৪৯ | ৯৬৭ | ৮৮২৩ | ৯২৪৯ | ৯১৩২ | ১১৭ |
| | | প্রঃসাঃ (আরপিএ) | ৬৮৬৩২ (---) | ১৭৯১১ (---) | --- (---) | ১৪০০০ (---) | ১৯৬১৫ (---) | ১৯৬১৫ (---) | --- (---) |
| | | মোট (বৈঃমুঃ) | ১০১৫৪৩ (---) | ২৫১৬০ | ৯৬৭ | ২২৮২৩ (---) | ২৮৮৬৪ (---) | ২৮৭৪৭ | ১১৭ |

বাস্তবায়নকারী সংস্থা: সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

চলতি প্রকল্প

| ক্রমিক নং | কোড - প্রকল্পের নাম | অর্থায়নের উৎস | প্রকল্প ব্যয় | রাজস্ব | মূলধন | আরএডিপি বরাদ্দ ২০২০-২১ | মোট | রাজস্ব | মূলধন |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ৭ | ২২২০০৭২০০ - সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ সংশ্লিষ্ট পরিকল্পনা সমীক্ষা (নতুন অনুমোদিত)<br>(০১/০৫/২০১৯ - ৩০/০৬/২০২২)<br>অনুমোদিত | জিওবি | ৪৯৯ | --- | --- | ৫০ | ২০০ | ১০০ | ১০০ |
| | | মোট (বৈঃমুঃ) | ৪৯৯ (---) | --- | --- | ৫০ (---) | ২০০ (---) | ১০০ | ১০০ |
| **উপ-মোট: সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ** | | জিওবি | ৪৯৯ | --- | --- | ৫০ | ২০০ | ১০০ | ১০০ |
| | | মোট (বৈঃমুঃ) | ৪৯৯ (---) | --- | --- | ৫০ (---) | ২০০ (---) | ১০০ | ১০০ |

# ২০২১-২০২২ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে
# বৈদেশিক সাহায্য প্রাপ্তির সুবিধার্থে
# বরাদ্দবিহীন অননুমোদিত নতুন প্রকল্প তালিকা

## ২০২১-২০২২ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে
## বৈদেশিক সাহায্য প্রাপ্তির সুবিধার্থে বরাদ্দবিহীন অননুমোদিত নতুন প্রকল্প তালিকা

(লক্ষ টাকায়)

| ক্রঃ নং | প্রকল্পের নাম (বাস্তবায়নকাল) | মোট | জিওবি | প্রকল্প সাহায্য | সাহায্যের উৎস |
|---|---|---|---|---|---|

### সেক্টরঃ ০৭-পরিবহন ও যোগাযোগ (মোট প্রকল্প: ৫৯টি)

সাব-সেক্টরঃ ৩৪-সড়ক পরিবহন (৩৫টি প্রকল্প)

মন্ত্রাণালয়/বিভাগঃ সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (৩৫টি প্রকল্প)

সংস্থাঃ ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ (ডিটিসিএ) (৩টি প্রকল্প)

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ৩৯ | এস্টাব্লিশমেন্ট অব ক্লিয়ারিং হাউজ ফর ইন্টিগ্রেটিং ট্রান্সপোর্ট টিকেটিং সিস্টেম ইন ঢাকা সিটি এন্ড এডযাচেন্ট ডিসট্রিক্টস (ফেজ-২) (মার্চ ২০২১ - ফেব্রুয়ারি ২০২৪) | ৮,৫১৪.৬৩ | ৫,৫২৭.০৯ | ২,৯৮৭.৫৪ | জাইকা |
| ৪০ | প্রিপারেশন অব কম্প্রিহেন্সিভ মাস্টার প্ল্যান উইথ প্রি-ফিজিবিলিটি অব মাস ট্রানজিট নেটওয়ার্ক ফর চট্টগ্রাম মেট্রোপলিটন এরিয়া (জানুয়ারী ২০২২ - অক্টোবর ২০২৩) | ৫,১০০.০০ | .০০ | ৫,১০০.০০ | কোইকা |
| ৪১ | মিড টার্ম রিভিউ অব দ্যা রিভাইজড স্ট্রাটেজিক ট্রান্সপোর্ট প্ল্যান (এম টি আর-আর এস টি পি) ফর ঢাকা (জুলাই ২০২১ - জুন ২০২৪) | ৩,৫২৯.৪৪ | ৯৮৪.৩১ | ২,৫৪৫.১৩ | এডিবি |

সংস্থাঃ বাংলাদেশ সড়ক পরিবহণ কর্পোরেশন (বিআরটিসি) (১টি প্রকল্প)

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ৪২ | বিআরটিসি'র জন্য ্লেকট্রিক, সিএনজি এবং ডিজেল একতলা এসি বাস সংগ্রহ (জুলাই ২০২১ - জুন ২০২৩) | ৬১,০৪০.০০ | ১৭,৪৬৫.০০ | ৪৩,৫৭৫.০০ | ইডিসিএফ, দক্ষিণ কোরিয়া |

সংস্থাঃ ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিঃ (৫টি প্রকল্প)

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ৪৩ | টেকনিক্যাল এসিসট্যান্স ফর ঢাকা ম্যাস র‌্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (লাইন-২) (জুলাই ২০২১ - জুন ২০২৪) | ৭৫,০০০.০০ | ২৬,৩০০.০০ | ৪৮,৭০০.০০ | জাইকা |
| ৪৪ | টেকনিক্যাল এসিসট্যান্স ফর ঢাকা ম্যাস র‌্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (লাইন-৪) (জুলাই ২০২১ - জুন ২০২৪) | ৭০,০০০.০০ | ২৪,৫০০.০০ | ৪৫,৫০০.০০ | জাইকা |
| ৪৫ | টেকনিক্যাল এসিসট্যান্স ফর ঢাকা ম্যাস র‌্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (লাইন-৬): ২য় পর্যায় (জুলাই ২০২১ - জুন ২০২৩) | ৯০,০০০.০০ | ৩১,৫০০.০০ | ৫৮,৫০০.০০ | জাইকা |
| ৪৬ | টেকনিক্যাল এসিসট্যান্স ফর প্রিপারেশন অব টাইম বাউন্ড এ্যাকশন প্লান ফর চট্টগ্রাম ম্যাস র‌্যাপিড ট্রানজিট লাইনস (জুলাই ২০২১ - জুন ২০২৪) | ২,০০,০০০.০০ | ৭০,০০০.০০ | ১,৩০,০০০.০০ | জাইকা |
| ৪৭ | ঢাকা ম্যাস র‌্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (লাইন-৫) : সাউদার্ন রুট (জুলাই ২০২১ - জুন ২০২৬) | ৩৬,০০,০০০.০০ | ৯,০০,০০০.০০ | ২৭,০০,০০০.০০ | এডিবি |

সংস্থাঃ সড়ক ও জনপথ অধিদপ্তর (২৬টি প্রকল্প)

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ৪৮ | আইটিএস (ইন্টেলিজেন্ট ট্রান্সপোর্ট সিস্টেম) প্রবর্তনের মাধ্যমে বাংলাদেশের জাতীয় মহাসড়ক করিডোরগুলিতে নির্ভরযোগ্যতা এবং সুরক্ষা উন্নয়ন প্রকল্প (জানুয়ারী ২০২১ - জুন ২০২৩) | ৬,৯৬৯.০০ | ১,০০০.০০ | ৫,৯৬৯.০০ | বিশ্ব ব্যাংক |
| ৪৯ | কুমিল্লা(ময়নামতি)-ব্রাহ্মনবাড়িয়া(ধরখার) জাতীয় মহাসড়ককে(এন-১০২) চারলেন জাতীয় মহাসড়কে উন্নীতকরন (জানুয়ারী ২০২১ - জুন ২০২৪) | ৭,৪১,৯৩২.০০ | ৪,৫০,০৬০.০০ | ২,৯১,৮৭২.০০ | |